# পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ

প্রধান কার্যালয়-রাঙ্গামাটি

পার্বত্য চট্টগ্রাম

ফোন ঃ +৮৮০-৩৫১-৬৩১২০, পিএবিএক্স ঃ +৮৮০-৩৫১-৬৩২৯৩, ফ্যাক্স ঃ +৮৮০-৩৫১-৬৩২৭৮

ই-মেইল ঃ chtrc@yahoo.com, ওয়েবসাইট ঃ chtrc.gov.bd


স্মারক নং ঃ- -২৯.৩২.৮৪০০.১০৪.৩২.০১২.২০- ২২৯৪ তারিখ ঃ ২৯/১২/২০

বিষয় : পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২০২১ অর্থবছরের যাচাই বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ প্রেরণ সম্পর্কে।

সূত্র : ২৯.০০.০০০০.২১৮.০৫.০০১.১৯-৪৬৮ তারিখ:-১৫/১২/২০২০ খ্রি:।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের আলোকে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২০২১ অর্থবছরের যাচাই বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২(দুই) পাতা।

২৯/১২/২০২০

(সুবর্না চাকমা)
নির্বাহী কর্মকর্তা
ও
ইনোভেশন অফিসার
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
ফোন-০৩৫১-৬৩২২৪
E-mail.chtrc@yahoo.com

২৯/১২/২০২০

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, বাজেট/প্রশাসন-২ শাখা।

১। <u>উদ্ভাবনের শিরোনাম</u> : "পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মকর্তা কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদি EPMIS(Electronic Personal Management Information System) বাস্তবায়নের মাধ্যমে অফিস অটোমেশন সম্পন্নকরণ এবং আভ্যন্তরীন সেবা সহজীকরণ"।

২। <u>ভূমিকা :</u> পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন,১৯৯৮(১৯৯৮ সনের ১২ নং আইন)মোতাবেক বিগত ২৭মে ১৯৯৯ খ্রি: তারিখ হতে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ৭৩টি পদ থাকলেও পরবর্তীতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়ের স্মারক নং-পাচবিম(প-১)-আ: পরি/অর্গা:৪/৯৯/২০২ তারিখ: ১০/০৭/২০০৪ খ্রি: এবং ২৯.০০.০০০০.২১৫.৩১.০০৫.১৮ তারিখ: ১২/০৩/২০১৯ খ্রি: মূলে ০৪টি পদ বাতিল হওয়ার প্রেক্ষিতে বর্তমানে মোট ৬৯ জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামো নিয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠিত। তার মধ্যে ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব পর্যন্ত মোট ১২টি কর্মকর্তার পদ রয়েছে,পদসমূহ প্রেষণে পূরণযোগ্য পদ এবং ১০ম হতে ২০ তম গ্রেড পর্যন্ত কর্মচারীগণ সরাসরি নিয়োগযোগ্য পদ। বর্তমানে ০৪জন কর্মকর্তা (মুখ্য নির্বাহী কর্মকর্তা ০১ জন, নির্বাহী কর্মকর্তা ০১জন, হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা ০১ জন, চেয়ারম্যানের সহকারী একান্ত সচিব ০১ জন) এবং ১০ম হতে ২০ তম গ্রেডের মোট ৪৫ জন কর্মচারী এ কার্যালয়ে কর্মরত আছেন। এ সকল কর্মচারীদের চাকুরী সংক্রান্ত যাবতীয় তথ্যাদি যেমন বেতন, ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, যোগদানের তারিখ, দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ, বার্ষিক গোপনীয় প্রতিবেদন ইত্যাদি সম্পর্কে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ শুরু হতে কোন ডাটাবেইজ নেই, এ সকল তথ্যাদি প্রত্যেক কর্মচারীর ব্যক্তিগত ফাইল থেকে বা সার্ভিস বহি:তে সংরক্ষণ করা হয়। ফলে এ সকল তথ্যাদি দ্রুততম সময়ে সংগ্রহ করা অনেক সময় সাপেক্ষ ব্যাপার। প্রত্যেক কর্মচারীর এ সংক্রান্ত তথ্যাদি আলাদাভাবে হালনাগাদ করতে ও যথেষ্ট সময়ের প্রয়োজন হয়। এ সংক্রান্ত তথ্যাদি সফটওয়্যারে আপলোড করা হলে একনজরে যাবতীয় তথ্যাদি পাওয়া অনেক সহজ হবে, এতে সময় কম লাগবে এবং কর্মচারীগণ নিজেদের চাকুরী সংক্রান্ত তথ্যাদির পাশাপাশি প্রশিক্ষণের সার্বিক বিষয়াদি সম্পর্কে অবগত হতে পারবে। এতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের দক্ষতা বৃদ্ধি পাবে।

<u>বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহ :</u>

"পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মকর্তা কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদি EPMIS(Electronic Personal Management Information System) বাস্তবায়নের মাধ্যমে অফিস অটোমেশন সম্পন্নকরণ এবং আভ্যন্তরীন সেবা সহজীকরণ" সফটওয়্যার তৈরী করা হলে মোট ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকা প্রয়োজন। এ কার্যালয়ের ইনোভেশন খাতে কোন কোড বরাদ্দ না থাকায় এ সংক্রান্ত কোড(৩২৫৭১০৫) উন্মুক্তকরণের জন্য বিগত ১৭/১১/২০২০ খ্রি: তারিখে স্মারক নং-২৯.৩২.৮৪০০.১০৪.৩২.০১২.২০-১৯৩০ মূলে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যাবধি এ বিষয়ে কোন অনুমোদন পাওয়া যায়নি। ডিজিটাল বাংলাদেশ এর লক্ষ্য পূরণে প্রতিষ্ঠানের ওয়েবসাইট আপলোড, ই-ফাইলিং কার্যক্রমসমূহ সম্পাদনসহ প্রয়োজনীয় অ্যাপস তৈরী অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম। কিন্তু এ কার্যালয়ে আইটি দক্ষতাসম্পন্ন অফিসার বা কর্মচারী না থাকায় এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে কারিগরী সহায়তা পাওয়া যায়না।

<u>অনুপ্রেরণার উৎস কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?</u>

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদির অদ্যাবধি কোন ডাটাবেইজ নেই। উক্ত ইনোভেশনের উদ্দেশ্য হচ্ছে সকল তথ্যাদি ডাটাবেইজ সিস্টেমের আওতায় সন্নিবেশ করে একনজরে তথ্যাদি পাওয়া।

<u>বাস্তবায়নের চ্যালেঞ্জ কিভাবে মোকাবেলা করা হবে :</u>

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২১ অর্থবছরে সফটওয়্যার তৈরীকরণ সংক্রান্ত কোন বাজেট না থাকায় পরবর্তীতে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট খাতে বরাদ্দ চাওয়া হয়েছে এবং এ পরিষদের ক্রয় পরিকল্পনায় অর্ন্তভুক্ত করা হয়েছে। তবে এ সংক্রান্ত বাজেট যথাসময়ে পাওয়া না গেলে পরবর্তীতে মূল বাজেটে সমন্বয়সাপেক্ষে পরিষদের বিশেষ তহবিল প্রবিধানমালার আওতায় প্রয়োজনীয় অর্থ ব্যয় করা যেতে পারে মর্মে পরিষদের সিদ্ধান্ত রয়েছে। এমতাবস্থায় পিপিআর অনুযায়ী উক্ত সেবা যথাসম্ভব দ্রুত ক্রয় করার কার্যক্রম গ্রহণ করা হবে।

টেকসইকরণে গৃহীত ব্যবস্থাদির বিবরণ :
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষণ করা হলে অদূর ভবিষ্যতে সকল কর্মচারীগণ এ সুফল প্রাপ্ত হবেন।

৩। কত ব্যক্তির জীবনমানে পরিবর্তন আসলো :
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সকল কর্মচারী এর সুফল ভোগ করবেন।

সুদুর প্রসারী কি কি অবদান রাখবে :
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মচারীগণ ভবিষ্যতে চাকরী সংক্রান্ত তথ্যাদি সফটওয়্যারে সহজে প্রাপ্ত হবেন এবং কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির সাথে সাথে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পাবে।

পদ্ধতি/সময়/ভোগান্তি/ব্যয়/সেবার মানে কী কী পরিবর্তন এনেছে :
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদি সফটওয়্যারে আপলোড করা হলে একনজরে যাবতীয় তথ্যাদি বের করা অনেক সহজ হবে, এতে সময় কম লাগবে এবং কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি পাবে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি : কার্যক্রম বাস্তবায়নের পর মূল্যায়ন করা হবে।

৫। টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিকস/ছবি/ভিডিও :

টিসিভি বিশ্লেষণ:
প্রত্যেক কর্মচারীর তথ্যাদি যেমন শ্রান্তি বিনোদন ছুটি , বেতন, ইত্যাদি পৃথকভাবে সার্ভিস বহি:তে এন্ট্রি দেওয়ার জন্য প্রত্যেক কমর্চারীর যার যখন প্রয়োজন হয় তখন পৃথক পৃথক সময়ে কাজ করতে হয়। এ সকল তথ্যাদি সফটওয়্যারে আপলোড করা হলে একনজরে তথ্যাদি পাওয়া যাবে,ফলে এতে সময় কম লাগবে।

গ্রাফ/ইনফোগ্রাফিকস :

ছবি :

টিসিভি/ভিডিও(তথ্য বাতায়নে আপলোড করে লিংক ---) : কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে, কাজটি সম্পাদিত হলে এ পরিষদের তথ্য বাতায়নে আপলোড করা হবে।

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটি সংক্রান্ত পদবী | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১ | সুবর্না চাকমা | নির্বাহী কর্মকর্তা | ইনোভেশন টিম লীডার | ০১৭১৬৪০৯৬৫৭ |
| ২ | নির্মল কান্তি চাকমা | মুখ্য নির্বাহী কর্মকর্তা | সদস্য | ০১৯৩৯৮৮০৪৩১ |
| ৩ | সুবেশ চন্দ্র চাকমা | হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা | সদস্য | ০১৮১৫৯৮৪৫৬৪ |
| ৪ | ধ্রুব রশ্মি চাকমা | কম্পিউটার অপারেটর | সদস্য | ০১৫৫৪৩৬৪৯২৭ |
| ৫ | মনিতা চাকমা | উচ্চমান সহকারী | সদস্য | ০১৮২৪৩৬৩৩২৪ |
| ৬ | সূচিকা চাকমা | উচ্চমান সহকারী | সদস্য | ০১৫৫৩১৩২৯০৯ |
| ৭ | বাবলু চাকমা | সার্ভেয়ার | সদস্য | ০১৯৩১০৬৭৪৪৯ |

###